

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : [www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফ.ই.সার্কুলার নং-০৫

২১ বৈশাখ, ১৪১৮  
তারিখ :-----  
মে ০৮, ২০১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল "অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানিতে বাণিজ্যের পাশাপাশি অগ্রিম টিটি  
প্রক্রিয়াজ রপ্তানি আয়ের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষনপূর্বক জানানো যাচ্ছে যে, সরকার চামড়া ও চামড়া জাতীয়  
পণ্য রপ্তানির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তবিলী পূরণ করা সাপেক্ষে রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশনের পাশাপাশি  
সম্পূর্ণ অথবা আংশিক টিটির মাধ্যমে প্রাণ মূল্যের বিপরীতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ  
করেছেঃ

(ক) টিটির মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি রপ্তানি ঝণপত্র/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ  
করতে হবে। সংশ্লিষ্ট রপ্তানি পণ্যের সঠিক মূল্য ও পরিমাণ এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা  
সম্পর্কে রপ্তানি উন্নয়ন বূরো/বাংলাদেশ ফিলিশ্য লেন্দার, লেন্দার গুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন  
(বিএফএলএলএফইএ)/বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদ দ্বারা সমর্থিত  
হতে হবে;

(খ) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রপ্তানি ঝণপত্র/চুক্তিপত্রের বিপরীতে রপ্তানির  
ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং  
বাংলাদেশ হইতে প্রকৃত রপ্তানির বিপরীতে টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও  
অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে এতদ্বিষয়ে ঘোষনা প্রদান করতে হবে;

(গ) যে দেশে পনা রপ্তানি করা হবে কেবল সে দেশ থেকেই মূল্য প্রত্যাবাসন করতে হবে; এবং

(ঘ) সার্কুলার জারিত তারিখ (ভর্তুকী সুবিধা প্রযোজ্য থাকা সাপেক্ষে) হতে জাহাজীকরণকৃত পণ্যের  
ক্ষেত্রে রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশনের পাশাপাশি টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ পক্রিতি কার্যকর  
হবে।

চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল সার্কুলার/সার্কুলার  
পত্রের অপরাপর নির্দেশাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্যর্থে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)  
উপ-মহাবাবস্থাপক  
ফোন : ৯১২০৩৭৫